



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নির্বাচন প্রশাসন শাখা

নং-১৭.০০.০৯১৮.০৩৫.৪৬.১২৬.১৬(অংশ-১)-৩৯৬


তারিখ: ২৬ চৈত্র ১৪২৫
০৯ এপ্রিল ২০১৯

বিষয়ঃ ইউনিয়ন পরিষদ নির্বাচনে নির্বাচিত প্রার্থীদের নাম-ঠিকানা সম্বলিত গেজেট বিজ্ঞপ্তি প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে ০৭ এপ্রিল ২০১৯ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত এবং ০৯ এপ্রিল ২০১৯ তারিখে প্রাপ্ত ভোলা জেলার ভোলা সদর উপজেলার ১নং রাজাপুর ইউনিয়ন পরিষদের নির্বাচনে চেয়ারম্যান পদে বিজ্ঞ নির্বাচনি ট্রাইব্যুনালের রায় অনুযায়ী নির্বাচিত প্রার্থীর নাম-ঠিকানা সম্বলিত গেজেট বিজ্ঞপ্তির ১৫ (পনের) কপি প্রয়োজনীয় কার্য ব্যবস্থা গ্রহণের নিমিত্তে এতদসঙ্গে প্রেরণ করা হল।

০২। এমতাবস্থায়, এছাড়া মাননীয় আদালতের কোন স্থগিতাদেশ অথবা আইনগত কোন জটিলতা না থাকলে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক নির্বাচন কমিশন সচিবালয়কে অবহিত করণের জন্য অনুরোধ করা হলো। এছাড়া গেজেট বিজ্ঞপ্তির প্রাপ্তি স্বীকারপত্র প্রদানের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনা মোতাবেক


(মোহাম্মদ মোরশেদ আলম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৫৫০০৭৫৬৫
মোবাইলঃ +৮৮-০১৫৫০০৪২০৫৩
mizanr63@yahoo.com

জেলা প্রশাসক
ভোলা

নং-১৭.০০.০৯১৮.০৩৫.৪৬.১২৬.১৬(অংশ-১)-৩৯৬

তারিখ: ২৬ চৈত্র ১৪২৫
০৯ এপ্রিল ২০১৯

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা (০২ কপি)
- ২। সিস্টেম ম্যানেজার, আইসিটি অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (০১ কপি) (নির্বাচন কমিশনের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, বরিশাল (০২ কপি)
- ৪। জেলা নির্বাচন অফিসার, ভোলা (০৩ কপি) [ইন্ট্রানেট হতে গেজেটের কপি জেলা প্রশাসক মহোদয় কে সরবরাহের অনুরোধ সহ]
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, ভোলা সদর, ভোলা (০২ কপি)
- ৬। সহকারী সচিব (নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-২) (০২ কপি)
- ৭। উপজেলা নির্বাচন অফিসার, ভোলা সদর, ভোলা (০২ কপি)
- ৮। নির্বাচন কমিশন সচিবালয় গ্রন্থাগার (০২ কপি), (গ্রন্থাগারে সংরক্ষণের জন্য)


(মোহাম্মদ মোরশেদ আলম)
সিনিয়র সহকারী সচিব

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, এপ্রিল ৭, ২০১৯

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন প্রশাসন শাখা

বিজ্ঞপ্তি

তারিখ : ২১ চৈত্র ১৪২৫/০৪ এপ্রিল ২০১৯

নং-১৭.০০.০৯১৮.০৩৫.৪৬.১২৬.১৬ (অংশ-১)-৩৬৭।—ভোলা জেলার সদর উপজেলার ১নং রাজাপুর ইউনিয়ন পরিষদের বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় গত ২৪ এপ্রিল ২০১৬ তারিখে প্রকাশিত হয়। নির্বাচনি ট্রাইব্যুনালে মামলা নং-১০/২০১৬ এর ০১ ডিসেম্বর ২০১৬ তারিখের প্রদত্ত রায় এবং বিজ্ঞ নির্বাচনি আপীল ট্রাইব্যুনালে আপীল নং-০১/২০১৭ এর ১৯ মার্চ ২০১৭ তারিখের রায় ও আদেশ অনুযায়ী নির্বাচন কমিশন সচিবালয় কর্তৃক বিগত ০৬ সেপ্টেম্বর ২০১৭ তারিখের ১৭.০০.০৯১৮.০৩৫.৪৬.১২৬.১৬ (অংশ-১)-৫২৯ নং স্মারকমূলে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত গেজেটের ১, ২, ৩ ও ৫নং কলাম প্রতিস্থাপন করা হয়। পরবর্তীতে মাননীয় আপিল বিভাগে দায়েরকৃত সিপিএলএ নং-১৯১১/২০১৮, ১৯৭৪/২০১৮ ও ১৯৫৮/২০১৮ (রিট পিটিশন নং-৪১৬১/২০১৭ হতে উদ্ভূত) এর বিগত ২৯ জুলাই ২০১৮ তারিখের রায়ে মাননীয় হাইকোর্ট বিভাগ, নির্বাচনি ট্রাইব্যুনাল ও নির্বাচনি আপিল ট্রাইব্যুনাল কর্তৃক প্রদত্ত রায়সমূহ বাতিল করে চেয়ারম্যান পদে ৬নং ওয়ার্ডের উত্তরচর সিতারাম সরকারি প্রাথমিক বিদ্যালয় ভোটকেন্দ্রের নির্বাচনের জন্য নির্দেশ প্রদান করলে নির্বাচন কমিশন কর্তৃক বিগত ০৭ জানুয়ারি ২০১৯ তারিখের ১৭.০০.০৯১৮.০৩৫.৪৬.১২৬.১৬ (অংশ-১)-০৯নং স্মারকমূলে জারীকৃত গত ১৫ জানুয়ারি ২০১৯ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত প্রজ্ঞাপনের মাধ্যমে চেয়ারম্যান পদে জনাব মোঃ মিজানুর রহমান এর নামে ০৬ সেপ্টেম্বর ২০১৭ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ৯২৪১ নং পৃষ্ঠায় প্রকাশিত সংশোধিত গেজেটটি বাতিল করা হয়। এর ফলে চেয়ারম্যান পদে নির্বাচিত প্রার্থীর কোনো নাম-ঠিকানা সম্বলিত তথ্য বিদ্যমান গেজেটে নেই। এর পরিপ্রেক্ষিতে চেয়ারম্যান পদে উক্ত

(১৪৩০৫)

মূল্য : টাকা ৪.০০

ভোটকেন্দ্রের ২৮ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে নির্বাচন অনুষ্ঠিত হলে উক্ত ফলাফল অনুযায়ী বিজ্ঞ সিনিয়র সহকারী জজ আদালত, সদর, ভোলা কর্তৃক নির্বাচনি মোকদ্দমা নং-১০/২০১৬ এর ২০ মার্চ ২০১৯ তারিখের রায় ও আদেশ অনুযায়ী ভোলা জেলার সদর উপজেলার রাজাপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদে জনাব মোঃ মিজানুর রহমান-কে বিজয়ী ঘোষণা করায় নির্বাচন কমিশন এতদ্বারা নিম্নরূপভাবে গেজেট বিজ্ঞপ্তি প্রকাশ করিলেনঃ

ইউনিয়নের নাম	নির্বাচিত ঘোষিত প্রার্থীর নাম, পিতা/স্বামীর (বিবাহিত মহিলার ক্ষেত্রে) নাম ও ঠিকানা (মনোনয়ন পত্রে যেইরূপ দেওয়া হইয়াছে)	দলের নাম/স্বতন্ত্র (শুধু চেয়ারম্যান পদের ক্ষেত্রে প্রযোজ্য)	যেই ওয়ার্ড হইতে নির্বাচিত হইয়াছেন সেই ওয়ার্ডের নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে)	যে পদে নির্বাচিত হইয়াছেন
১	২	৩	৪	৫
রাজাপুর	মোঃ মিজানুর রহমান পিতা-সেকেন্দার আলী মাস্টার গ্রাম-চরমনসা	বাংলাদেশ আওয়ামী লীগ	-	চেয়ারম্যান

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ আতিয়ার রহমান

উপসচিব (নির্বাচন পরিচালনা-২)।